**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহরায় আজ রাজ্য বিধানসভায় ২০২৫-২৬ অর্থ বছরের জন্য পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্য সরকারি কর্মচারীদের জন্য ৩ শতাংশ মহার্ঘ্য ভাতা প্রদানের সিদ্ধান্ত ঘোষণা করেছেন।**

**(৩) কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল জানিয়েছেন, ভারত এই বছর যক্ষ্মামুক্ত দেশ হওয়ার লক্ষ্যে দ্রুত এগিয়ে চলেছে ।**

**(৪) ক্রীড়ামন্ত্রী টিংকু রায় রাজ্য ভিত্তিক স্পোর্টস ট্যালেন্ট সার্চ কর্মসূচির উদ্বোধন করেন।**

******************************************

**State Budget :**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহরায় আজ রাজ্য বিধানসভায় ২০২৫-২৬ অর্থ বছরের জন্য পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন। বাজেটে ৩২ হাজার ৪২৩ কোটি ৪৪ লক্ষ টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। সম্ভাব্য আয় ধরা হয়েছে ৩১ হাজার ৯৯৩ কোটি ৮৮ লক্ষ টাকা। ঘাটতি ৪২৯ কোটি ৫৬ লাখ টাকা। আগামী অর্থ বছরের বাজেটে নতুন কোনো করের প্রস্তাব করা হয়নি। এই বাজেটে রাজ্যের নিজস্ব কর রাজস্ব ৪ হাজার ১০ কোটি টাকা এবং কর বহির্ভূত রাজস্ব ৫০৪ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। বাজেটে মূলধনী ব্যয়ে ধরা হয়েছে ৭ হাজার ৯০৩ কোটি টাকা। যা চলতি অর্থবছরের তুলনায় ১৯ দশমিক এক চার শতাংশ বেশি। অর্থমন্ত্রী বলেন, অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি এবং নারীর ক্ষমতায়নের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। অর্থমন্ত্রী বাজেটে নতুন ১৩টি প্রকল্প ঘোষণা করেছেন।

অর্থমন্ত্রী বাজেট ভাষণে বলেন, আমবাসা, কাকড়াবন এবং করবুকে নতুন ডিগ্রী কলেজ স্থাপন করা হবে। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির স্বার্থে আগ্রহীদের মানসম্মত প্রশিক্ষণ প্রদানের জন্য আগরতলা, উদয়পুরে এবং আমবাসায় 'ত্রিপুরা প্রতিযোগিতামূলক পরীক্ষা কেন্দ্র' স্থাপন করা হবে। সংখ্যালঘু অধ্যুষিত গ্রামগুলিতে বিভিন্ন উন্নয়নমূলক কাজ গ্রহনের জন্য ৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়াও প্রধানমন্ত্রী জন বিকাশ কার্যক্রম (PMJVK) এর অধীনে সংখ্যালঘু অধ্যুষিত ব্লোকগুলির আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নের জন্য ২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

নতুন প্রকল্প 'মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ যোজনার প্রবর্তন। এর আওতায়, রাজ্য সরকার অন্ত্যোদয় পরিবারের একজন কন্যা সন্তানের বিয়ের খরচ বহন করবে। রাজ্য সরকার ৫০,০০০ টাকা ব্যয় করবে। মহকুমা পর্যায়ে গণবিবাহ অনুষ্ঠিত হবে। এই উদ্দেশ্যে ১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

রাজ্যের অন্যান্য স্থান থেকে আসা মানুষ যারা বিভিন্ন কারণে আটকে পড়েন, তারা যাতে আগরতলা শহরে রাতে থাকার ব্যবস্থা পান এবং রাতে ভর্তুকিযুক্ত খাবার পান তা নিশ্চিত করার জন্য, আগরতলায় 'ভারত মাতা ক্যান্টিন কাম নাইট শেল্টার' স্থাপন করা হবে।

'মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য মুখ্যমন্ত্রীর প্রকল্প' নামে নতুন প্রকল্প চালু করা হচ্ছে যার আওতায় মানসিকভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের মাসিক ৫,০০০ টাকা পেনশন দেওয়া হবে। যারা ইতিমধ্যেই প্রতিবন্ধী পেনশন হিসেবে ২০০০ টাকা পাচ্ছেন, তারা প্রতি মাসে অতিরিক্ত ৩,০০০ টাকা পাবেন।

মুখ্যমন্ত্রী বালিকা সমৃদ্ধি যোজনা' নামে নতুন প্রকল্প চালু করা হচ্ছে। এই প্রকল্পের আওতায়, ত্রিপুরার স্থায়ী বাসিন্দা অন্ত্যোদয় পরিবারের নবজাতক কন্যা সন্তানের জন্য ৫০,০০০ টাকা বিনিয়োগ করা হবে, যা মেয়েটির ১৮ বছর বয়স হওয়ার পর নগদ করতে পারবে।

কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষার জন্য হাপানিয়া আন্তর্জাতিক মেলা গ্রাউন্ডে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার কেন্দ্র স্থাপন করা হবে, যাতে প্রার্থীদের অনলাইন পরীক্ষায় অংশগ্রহণের জন্য রাজ্যের বাইরে যেতে না হয়। অর্থমন্ত্রী বলেন, যানজট নিরসনের জন্য আগরতলা ও উদয়পুরে একাধিক ফ্লাইওভার নির্মান করা হবে। আগরতলায় রাধানগর থেকে আই.জি.এম হাসপাতাল চৌমুহনী ও

উদয়পুরে জগন্নাথ চৌমুহনী থেকে খিলপাড়া পর্যন্ত নির্মানের পরিকল্পনা রয়েছে। সেনাবাহিনী ও কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী জওয়ানদের কন্যা পুত্রের জন্য মুখ্যমন্ত্রীর সহায়তা নামে একটি নতুন প্রকল্প চালুর প্রস্তাব করা হয়েছে আগামী অর্থবছরের বাজেটে।

########Byte-Finance Minister######

*********************************

**Budget Reaction :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ রাজ্য বাজেটের উপর প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেন ত্রিপুরায় সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে এটি একটি সর্বাঙ্গীণ বাজেট। এই বাজেটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সবকা সাথ, সবকা বিকাশ এবং সবকা বিশ্বাস এর দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে।

এদিকে, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী ২০২৫-২৬ অর্থবছরের রাজ্য বাজেটকে জনবিরোধী, অন্তঃসারশূন্য ও উদ্দেশ্যহীন বলে প্রতিক্রিয়া ব্যক্ত করেন। এই বাজেটকে দিশাহীন বাজেট বলেও শ্রী চৌধুরী মন্তব্য করেন।

****************************

**Assembly-DA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিধানসভার বাজেট অধিবেশনে রাজ্য সরকারি কর্মচারীদের জন্য ৩ শতাংশ মহার্ঘ্য ভাতা প্রদানের সিদ্ধান্ত ঘোষণা করেন। অবসরপ্রাপ্ত কর্মচারীরাও ৩ শতাংশ হারে ডিয়ারনেস রিলিফ পাবেন। মহার্ঘ্য ভাতা প্রদানের এই সিদ্ধান্ত আগামী পয়লা এপ্রিল থেকে কার্যকর হবে। তিনি বলেন এরজন্য রাজ্য সরকারের ৩০০ কোটি টাকা অতিরিক্ত ব্যয় হবে।

******************************

**International Forests Day :**

আজ আন্তর্জাতিক বন দিবস। এ উপলক্ষে বনদপ্তরের উদ্যোগে আগরতলার অক্সিজেন পার্কে আয়োজিত এক অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন

মানুষকে বন রক্ষার ক্ষেত্রে আরও বেশি সচেতন এবং সতর্ক হতে হবে তবেই আগামী দিনের পৃথিবী সুরক্ষিত থাকবে। এবছর বন দিবসের ভাবনা, "বন এবং খাদ্য", যা বন এবং বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তার মধ্যে গভীর সংযোগের উপর জোর দেয়।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

********************************

**100 Days Stop TB :**

কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল আজ লোকসভায় জানিয়েছেন ভারত এই বছর যক্ষ্মামুক্ত দেশ হওয়ার লক্ষ্যে দ্রুত এগিয়ে চলেছে। দেশে যক্ষ্মা রোগের প্রকোপ ২০১৫ সালে প্রতি লক্ষ জনসংখ্যায় ২৩৭ জন থেকে ১৭.৭ শতাংশ কমে ২০২৩ সালে প্রতি লক্ষ জনসংখ্যায় ১৯৫ জনে দাঁড়িয়েছে, যা বিশ্বব্যাপী হ্রাসের দ্বিগুণেরও বেশি। লোকসভায় প্রশ্নোত্তর পর্বে সম্পূরক প্রশ্নের উত্তরে স্বাস্থ্য প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেন, ২০১৫ সালের তুলনায় ২০২৩ সালে যক্ষ্মাজনিত মৃত্যুর হারও ২১ শতাংশেরও বেশি কমেছে। তিনি বলেন, সরকারের ধারাবাহিক প্রচেষ্টার ফলে দেশে যক্ষ্মা চিকিৎসার আওতা

৩২ শতাংশে উন্নীত হয়েছে। মন্ত্রী বলেন, সরকার ৩৩টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৪৭টি অগ্রাধিকারপ্রাপ্ত জেলায় যক্ষ্মা রোগী খুঁজে বের করার জন্য ১০০ দিনের যক্ষ্মা নির্মূল অভিযান শুরু করেছে।

########Byte-Anupriya Patel######

**********************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

******************************

**Seminar :**

ভারত সরকারের রসায়ন ও সার মন্ত্রণালয়ের অধীনে ন্যাশনাল ফার্মাসিটিক্যাল প্রাইস মনিটরিং অথরিটি বা এনপিপিএ সহযোগিতায় ত্রিপুরা স্টেট ফার্মাসিটিক্যাল প্রাইস মনিটরিং এন্ড রিসোর্স ইউনিটের উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ঔষধের দাম নির্ধারণ সংশোধন এবং পর্যবেক্ষণের উপর একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। এই সেমিনারের উদ্বোধন করেন রাজ্য স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা: সঞ্জীব দেববর্মা। তিনি বলেন, ভারত সরকারের ন্যাশনাল ফার্মাসিটিক্যাল প্রাইসিং অথরিটির তত্ত্বাবধানে রাজ্যে পাঁচ বছর ধরে ওষুধের দাম নির্ধারণ সংশোধন ও অনুষ্ঠানে রাজ্যের ১৭ জন ড্রাগ ইন্সপেক্টর এর হাতে তুলে দেওয়া হয় কম্পিউটার ট্যাবলেট।

যাতে তারা 'ফার্মা সহি দাম' এই অ্যাপসের মাধ্যমে ঔষধের সঠিক দাম সম্পর্কে জনগণকে সচেতন করতে পারেন। উপস্থিত ছিলেন ন্যাশনাল ফার্মাসিটিক্যাল প্রাইসিং অথরিটি অধিকর্তা কুমার অমন ভারতী, রাজ্যের পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডক্টর সৌমিত্র মল্লিক।

***************************

**Merit Award :**

ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে আজ এক অনুষ্ঠানে ডক্টর বি,আর, আম্বেদকর স্মৃতি মেধা পুরস্কার বিতরণ করা হয়। উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, কুমারঘাটের মহকুমা শাসক এন,এস,চাকমা। অনুষ্ঠানে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠরত জেলার ৫১৫ জন তপশিলী জাতি অংশের ছাত্রছাত্রীদের মেধা পুরস্কার প্রদান করা হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৭ ডিগ্রি সেলসিয়াস।

***************************